



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ

এফসিআরপিডি সাকুলার লেটার নং-১৪

২৯ জুন ২০২৬

তারিখঃ _____

১৫ আষাঢ় ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

অনলাইন আর্থিক প্রত্যারণা সম্পর্কে সতর্কীকরণ ও অভিযোগ নিষ্পত্তিকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ২১/০৫/২০২৩ তারিখে জারীকৃত ডিএফআইএমএম সাকুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উপর্যুক্ত সাকুলার মোতাবেক আমানতকারী ও গ্রাহকের স্বার্থ সংরক্ষণ, গ্রাহক সেবার মান নিশ্চিতকরণ এবং গ্রাহকের অভিযোগ দ্রুত নিষ্পত্তিকরণের নিমিত্তে 'হটলাইন' নম্বরের (১৬২৩৬) মাধ্যমে ব্যাংকিং/আর্থিক সেবা বিষয়ে গ্রাহকের যে কোন জিজ্ঞাসা/অভিযোগ বাংলাদেশ ব্যাংকে দায়ের করার সুযোগ রয়েছে।

৩। এ বিষয়ে অনলাইনে আর্থিক প্রত্যারণা রোধকল্পে এবং গ্রাহক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নলিখিত বিষয়াদি কঠোরভাবে পরিপালনে গ্রাহককে অনুরোধ করা ও সতর্কীকরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) ব্যাংক হিসাব নং, মোবাইল ব্যাংকিং পিন, পাসওয়ার্ড বা ওটিপি কারো সাথে শেয়ার না করা।

খ) সন্দেহজনক লিংকে ক্লিক, লিংক থেকে কোন ফ্রি অ্যাপস ইন্সটল করা এবং অনলাইন জুয়া থেকে বিরত থাকা।

গ) সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ ব্যাংক, বিশ্ব ব্যাংক, আইএমএফ, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকসহ বিভিন্ন ধরনের লাইসেন্সবিহীন অনলাইন অ্যাপস থেকে জামানতবিহীন অনলাইন ঋণ/বিনিয়োগ বা অপরিচিত ব্যক্তির সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত প্রস্তাব গ্রহণ না করা।

ঘ) কোনো প্রলোভনমূলক অফার (লেটারি, পুরস্কার ইত্যাদি) পেলে তা যাচাই ছাড়া বিশ্বাস না করা।

ঙ) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান- এর কর্তৃপক্ষ অথবা নিকটস্থ থানায় যোগাযোগ করা।

৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ধারা ৪১(২)(ঘ)-এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আবুল কালাম আজাদ)

পরিচালক (এফসিআরপিডি)

ফোনঃ ৯৫৩০১৭৮